

পল্লী উন্নয়ন একাডেমী
বগুড়া।


পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার চিকিৎসা কেন্দ্র পরিদর্শন প্রতিবেদন।

অদ্য ০৭/৩/২০১৯ তারিখ সকাল ৯-৩০ মিনিটে নৈতিকতা কমিটির সদস্য জনাব মোঃ রফিকুল ইসলাম পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার চিকিৎসা কেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনকালে মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী জনাব মোঃ আজিজুর রহমান উপস্থিত ছিলেন। পরিদর্শন অন্তে নিম্নলিখিত পর্যবেক্ষণ প্রদান করা হলোঃ

- ১। শাখার হাজিরা খাতা পরীক্ষা করে সঠিকভাবে হাজিরা পাওয়া গেল।
- ২। অফিস প্রাঙ্গণ এবং কক্ষের অভ্যন্তরীণ পরিচ্ছন্নতা সন্তোষজনক।
- ৩। শাখায় কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা দুইজন, একজন ডেসার ও একজন অফিস সহায়ক। দুইজনকেই উপস্থিত পাওয়া গেল। এছাড়া অনিয়মিত শ্রমিক হিসেবে একজন প্যাথলজিস্ট ও একজন পরিচ্ছন্নতা কর্মী কাজ করেন তাদেরকেও উপস্থিত পাওয়া গেল।
- ৪। চিকিৎসা কেন্দ্রে খন্ডকালীন চিকিৎক হিসেবে ডাঃ মোঃ সাখাওয়াত হোসেন দায়িত্ব পালন করেন, তাকেও উপস্থিত পাওয়া গেল।
- ৫। শাখার ৪র্থ শ্রেণীর কর্মচারীকে লিভারিজ পরিধান অবস্থায় পাওয়া গেল যা সন্তোষজনক।

পরামর্শঃ

- ১। বর্তমান কাজের গতিশীলতা বজায় রাখা ও সেবাপ্রদান সহজীকরণের লক্ষ্যে ইনোভেশন কর্মকান্ড জোরদার করতে হবে।
- ২। খন্ডকালীন চিকিৎসক প্রশিক্ষণপ্রাপ্ত হওয়ায় কেন্দ্রে স্থাপিত আলট্রাসোনোগ্রাফী মেশিনটি নিয়মিত ব্যবহার হচ্ছে। কিন্তু এনালাইজার মেশিনটি কিছুদিন পূর্ব থেকে নষ্ট থাকায় প্যাথলজির কিছু কিছু পরীক্ষা সম্ভব হচ্ছে না। জরুরী ভিত্তিতে মেশিনটি সচল করার উদ্যোগ গ্রহণের পরামর্শ প্রদান করা হলো।
- ৩। সৌন্দর্য বৃদ্ধির জন্য ফুল ও বাহারী গাছের টব রাখার এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার লক্ষ্যে একটি ডাস্টবিন রাখার পরামর্শ প্রদান করা হলো।



(মোঃ রফিকুল ইসলাম)
প্রশাসনিক কর্মকর্তা
পল্লী উন্নয়ন একাডেমী
বগুড়া।